অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

সেপ্টেম্বর মাসে বাড়তি খাদ্য সহায়তার জন্য গভর্নর হোকলের 234 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

সব SNAP পরিবার সেপ্টেম্বর মাসে সর্বোচ্চ মাত্রার খাদ্য সহায়তা পাবে

সম্পূরক খাদ্য সহায়তা নভেম্বর মাস পর্যন্ত অব্যাহত থাকবে বলে প্রত্যাশা করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program, SNAP) তালিকাভুক্ত সব নিউ ইয়র্কবাসী সেপ্টেম্বর মাসে অনুমোদিত সর্বোচ্চ পরিমাণ খাদ্য সহায়তা লাভ করবে। SNAP-এ অংশগ্রহণকারী সব পরিবার — যারা ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার বেনিফিট পাচ্ছেন তারা সহ — এমাসে সম্পূরক বরাদ্দ লাভ করবে, যা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে প্রায় 234 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল নিয়ে আসবে।

"অনেক বেশি কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসী এখনো মহামারীর প্রভাব অনুভব করছেন - নিত্যদিনের খাবার যোগাড় করতে সংগ্রাম করে চলেছেন," **বলেছেন গভর্নর হোকল।** "আমার প্রশাসন আমাদের সবচেয়ে অরক্ষিত জনগোষ্ঠীকে সহায়তা করার জন্য পদক্ষেপ গ্রহণ করা চালিয়ে যাবে, এবং আজ ঘোষণা করা 234 মিলিয়ন ডলারের SNAP বেনিফিট নিউ ইয়র্কের হাজার হাজার পরিবারের খাদ্য অনিরাপত্তা এড়ানো নিশ্চিত করতে প্রয়োজনীয় তহবিল প্রদান করবে।"

যারা সাধারণভাবে SNAP-এ প্রতি মাসে সর্বোচ্চ পরিমাণে অনুমোদিত সুবিধা পেয়ে থাকেন তারা সহ এই জরুরি সম্পূরক সহায়তা সব পরিবারকে প্রদান করা হবে, এটি নিউ ইয়র্ক স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক তত্ত্বাবধানকৃত ফেডারেল অর্থায়নে পরিচালিত একটি কর্মসূচি। যেসব পরিবার ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার সুবিধার কাছাকাছি বা সেই স্তরে রয়েছে - চার সদস্যের একটি পরিবারের জন্য 835 ডলার - তারা কমপক্ষে 95 ডলারের সম্পূরক পেমেন্ট পাবে।

নিউ ইয়র্ক সিটির বাইরের সব কাউন্টির SNAP পরিবারগুলো আজ থেকে সোমবার, 26 সেপ্টেম্বরের মধ্যে এসব সুবিধা পোস্ট হতে দেখবেন। নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাঁচটি কাউন্টির

SNAP পরিবারগুলো শুক্রবার, 16 সেপ্টেম্বর থেকে বৃহস্পতিবার, 29 সেপ্টেম্বরের মধ্যে তাদের সুবিধাগুলো পোস্ট হতে দেখবেন।

2020 সালের এপ্রিল থেকে OTDA সর্বোচ্চ মাসিক পরিমাণের চেয়ে কম সুবিধা পাওয়া SNAP পরিবারগুলোকে জরুরি সম্পূরক সুবিধা প্রদান করা শুরু করেছে। 2021 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের জরুরি অবস্থা ঘোষণার মেয়াদ শেষ হওয়ার পর, জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থার বিষয়ে ফেডারেল ঘোষণার মেয়াদ শেষ হওয়ার আগ পর্যন্ত সংস্থাটি সকল SNAP পরিবারের জন্য সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করতে ফেডারেল সরকারের সাথে সফলভাবে কাজ করেছে, যে মেয়াদ অক্টোবর পর্যন্ত বর্ধিত করা হয়েছিল এবং এসব বেনিফিট নভেম্বর পর্যন্ত ইস্যু করা অব্যাহত রাখতে OTDA-কে সক্ষম করবে বলে আশা করা হচ্ছে।

এই গ্রীষ্মকালে নিউ ইয়র্কবাসীরা SNAP-এর উপর ব্যাপকভাবে নির্ভর করা অব্যাহত রয়েছে, যেখানে জুলাই মাসে স্টেটজুড়ে 2.8 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী সহ 1.6 মিলিয়নেরও বেশি পরিবার এই কর্মসূচিতে তালিকাভুক্ত হয়েছে। যদিও জুন মাসের তুলনায় স্টেটজুড়ে SNAP গ্রহীতাদের সংখ্যা তুলনামূলকভাবে একইরকম রয়েছে, 2021 সালের জুলাই মাসে এই সংখ্যা 3 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা এসব অতি গুরুত্বপূর্ণ বেনিফিটের অব্যাহত চাহিদা নির্দেশ করে।

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "এসব সম্পূরক পেমেন্ট এমন এক সময়ে SNAP গ্রহীতাদের ক্রয়ক্ষমতা বৃদ্ধি করছে যখন সংগ্রামে লিপ্ত পরিবারগুলোকে মুদি পণ্যের উচ্চমূল্য মোকাবেলা করতে হচ্ছে। এই সহায়তা নিউ ইয়র্কবাসীদেরকে পরিবারের জন্য স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা করতে সাহায্য করার মাধ্যমে কোভিড-19 মহামারী থেকে নিউ ইয়র্কের অব্যাহত পুনরুদ্ধার ত্বরান্বিত করতে সহায়তা করছে।"

সিনেটর চার্লস ই. স্কুমার বলেন, "কোনো নিউ ইয়র্কবাসীরই তাদের পরবর্তী আহার কোথা থেকে আসবে সে বিষয়ে দুশ্চিন্তা করতে হওয়া উচিত নয়। সেইজন্য আমি মহামারী চলাকালীন 2021 এর কনসলিডেটেড অ্যাপ্রোপ্রিয়েশনস অ্যাক্টের (Consolidated Appropriations Act) মাধ্যমে, এবং পুনরায় আমেরিকান উদ্ধার পরিকল্পনার (American Rescue Plan) মাধ্যমে SNAP ঐতিহাসিক পরিমাণ বৃদ্ধি করতে লড়াই করেছি। আমরা কষ্টে থাকা পরিবারের মুখে খাবার তুলে দিতে সাহায্য করতে ফেডারেল তহবিলে এই অতিরিক্ত সংযোজনের জন্য আমাদের চেষ্টা আরো বৃদ্ধি করেছি। অনেক নিউ ইয়র্কবাসীর জন্য SNAP একটি লাইফলাইন এবং কোনও নিউ ইয়র্কবাসী যাতে ক্ষুধার্ত না থাকে বা অবহেলিত না হয় তা নিশ্চিত করতে ফেডারেল সংস্থান আনার জন্য আমি সর্বদা লড়াই করে যাবো।"

রিপ্রেজেন্টেটিভ অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন, "SNAP-এ অংশগ্রহণকারী পরিবারগুলোর জন্য বাড়তি খাদ্য সহায়তা প্রদানের ব্যাপারে গভর্নর হোকলের আজকের ঘোষণা কর্মজীবী পরিবারগুলোর জন্য একটি জয় এবং আমাদের কমিউনিটিগুলোতে এবং স্টেটজুড়ে সবচেয়ে বেশি অভাবী লোকজনকে সহায়তা করার জন্য আমাদের প্রচেষ্টাকে জোরদার করবে। তালিকাভুক্ত 1.6 মিলিয়ন পরিবারকে এই অতি প্রয়োজনীয় ত্রাণ প্রদান করাটা পরিবারগুলো

যাতে নিত্যদিনের খাবার যোগাড় করতে পারে এবং তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সহায়তা পেতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্কের চলমান অর্থনৈতিক পুনরুদ্ধারের ক্ষেত্রে SNAP একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং জানুয়ারি মাস থেকে স্টেটের অর্থনীতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি যোগ করেছে। যুক্তরাষ্ট্রের অর্থনীতির উপর SNAP-এর প্রভাব নির্ণয়ের জন্য পরিচালিত একটি ফেডারেল অধ্যয়ন অনুযায়ী SNAP-এর বিনিয়োগ করা প্রত্যেক ডলার 1.54 ডলার পর্যন্ত অর্থনৈতিক ক্রিয়াকলাপ সৃষ্টি করে থাকে।

এছাড়াও এসব সম্পূরক বেনিফিট অভাবী নিউ ইয়র্কবাসীদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ লাইফলাইন হিসেবে কাজ করে, কারণ সাম্প্রতিক একটি গবেষণার তথ্যমতে গত বছর স্টেটের জনসংখ্যার 14 শতাংশ SNAP বেনিফিটের উপর নির্ভরশীল ছিল। গ্রহীতা পরিবারগুলোর মধ্যে অর্ধেকেরও বেশি সংখ্যক পরিবারে শিশুরা ছিল এবং প্রায় 48 শতাংশ পরিবারে 55 বছরের বেশি বয়সী অথবা একজন প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক ব্যক্তি ছিল।

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বিদ্যমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার (EBT) অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা তাদের বিদ্যমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যাবে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। যেকোনো অব্যবহৃত SNAP সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসে যোগ হবে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূরক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য এখানে পাবেন। তালিকাভুক্ত হতে আগ্রহী নিউ ইয়র্কবাসীরা mybenefits.ny.gov ওয়েবসাইটে ভিজিট করে SNAP-এর জন্য তাদের উপযুক্ততা চেক করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418